



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোন : ০৭২১-৮৬২৪৪৫
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫
ওয়েবসাইট : www.rakub.org.bd
ই-মেইল : dgmpd@rakub.org.bd

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০১/২০১৬

তারিখ : ২৮-০২-২০১৬

বিষয়ঃ ওয়াচ এন্ড ওয়ার্ড ডিউটি পালনের জন্য মাসিক ভাতা বৃদ্ধি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৩-০২-২০০৩ তারিখের সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৬/২০০৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরোক্ত সার্কুলার মোতাবেক অত্র ব্যাংকের কোন শাখা/কার্যালয়ে তিনজনের কম গার্ড/পিয়ন-কাম-চৌকিদার নিয়োজিত থাকলে সে সকল ক্ষেত্রে অফিস সময়ের পরে এবং সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিনে ওয়াচ এন্ড ওয়ার্ড ডিউটি পালনের জন্য উক্ত গার্ড/পিয়ন-কাম-চৌকিদারকে অধিকাল ভাতার পরিবর্তে ৬০০/- (ছয়শত) টাকা হারে মাসিক ভাতা প্রদান করা হয়।

০৩। ওয়াচ এন্ড ওয়ার্ড ডিউটি পালনের জন্য মাসিক ভাতার হার বৃদ্ধি বিষয়ে একটি প্রস্তাব পরিচালনা পর্ষদে উপস্থাপন করা হলে গত ২১-০১-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৪৩৭তম সভায় পরিচালনা পর্ষদ বিষয়টি সার্বিকভাবে পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেনঃ

“রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যে সকল শাখা/কার্যালয়ে নিরাপত্তা প্রহরী/অফিস সহায়ক অফিস সময়ের পরেও সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিন ওয়াচ এন্ড ওয়ার্ড ডিউটি পালন করেন সে সকল নিরাপত্তা প্রহরী/অফিস সহায়কদের ওয়াচ এন্ড ওয়ার্ড ডিউটি ভাতা ৬০০/- টাকা হতে বৃদ্ধি করে ১০০০/- (এক হাজার) টাকা নির্ধারণ করা হলো”

০৪। উল্লেখ্য, কোন শাখা/কার্যালয়ে দু’জন নিরাপত্তা প্রহরী/অফিস সহায়ক ওয়াচ এন্ড ওয়ার্ড ডিউটি পালন করলে এ বাবদ প্রদেয় অর্থ তাদের মধ্যে হারাহারিভাবে ভাগ করে প্রদান করতে হবে।

০৫। এই বর্ধিত হার অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ নূরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০১৫-২০১৬/২৭২৭(৪৪৬)

তারিখ : ২৮-০২-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা।
- ৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, যুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
- ১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৬। অফিস নথি।

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক